



## সর্বজনীন পেনশন স্কিম



### সমতা স্কিম



## সমতা স্কিমের নিশ্চয়তা, সরকার দেবে সহায়তা

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী স্বল্প আয়ের নাগরিকগণ যাদের বার্ষিক আয় অনুর্ধ্ব ৬০ হাজার টাকা তাদের জন্য 'সমতা' স্কিম। সমতা স্কিমে মাসিক জমার হার ১০০০ (এক হাজার) টাকা, যার মধ্যে জমাকারী প্রয়োজনীয় জমার ৫০০ (পাঁচশত) টাকা এবং বাকি ৫০০ (পাঁচশত) টাকা সরকার প্রদান করবেন।

মাসিক জমার হার	১,০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ টাকা + সরকারি অংশ ৫০০ টাকা)
জমা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৩৪,৪৬৫
৪০	২৯,২০০
৩৫	১৯,১৮৭
৩০	১২,৪৬৬
২৫	৭,৯৫৫
২০	৪,৯২৭
১৫	২,৮৯৪
১০	১,৫৩০

- ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'সমতা' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- জাতীয় পরিচয়পত্রের (NID) ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে 'সমতা' স্কিমে যুক্ত হওয়া যাবে।
- পেনশনার আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- 'সমতা' স্কিমে অংশগ্রহণের জন্য বাৎসরিক আয়ের সনদের প্রয়োজন নেই।
- নিকটস্থ ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) থেকে বিনামূল্যে 'সমতা' স্কিমে রেজিস্ট্রেশন করার সুযোগ রয়েছে।
- 'সমতা' স্কিমে মাসিক জমা সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, সিটি ব্যাংক, ব্রাক ব্যাংক, জনতা ব্যাংক, প্রাইম ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক, রূপালী ব্যাংক, ইস্টার্ন ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যেকোন শাখায় সরাসরি জমা দেওয়া যাবে। শীঘ্রই দেশীয় সকল তফসিলি ব্যাংক থেকে এ সেবা পাওয়া যাবে। এছাড়াও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক জমা প্রদান করা যাবে।
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের "UPension" App ব্যবহার করে মাসিক জমার টাকা প্রদান সহ অন্যান্য সুবিধা গ্রহণের সুযোগ রয়েছে।

[www.upension.gov.bd](http://www.upension.gov.bd)



[f /National Pension Authority](https://www.facebook.com/NationalPensionAuthority)



**জাতীয় পেনশন কর্তৃপক্ষ**  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
৪৩, কাকরাইল, ঢাকা - ১০০০



হটলাইনঃ +৮৮ ০৯৬১০ ৯০০৮০০  
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

- জমাকারী পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনার বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ, ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- একজন জমাকারী পেনশনযোগ্য বয়সে উপনীত হবার পর আগ্রহী হলে তাকে তার কর্পাস হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% অর্থ (অফেরতযোগ্য) এককালীন উত্তোলন করতে পারবেন। কর্পাস হিসাবের অবশিষ্ট অর্থের ওপর ভিত্তি করে মাসিক পেনশন নির্ধারিত হবে।
- জমাকারী, নিজের এবং পরিবারের সদস্যগণের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য, প্রয়োজনে, তহবিলে কেবল তার জমাকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ঋণ হিসাবে উত্তোলন করতে পারবেন। এ অর্থ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফিসসহ সর্বোচ্চ ২৪ (চব্বিশ) কিস্তিতে পরিশোধ করতে হবে এবং সমুদয় অর্থ জমাকারীর হিসাবে জমা হবে।
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের আয় এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের সর্বজনীন পেনশন স্কিম হতে প্রাপ্ত সুবিধাভোগীর কোনো আয় কর মুক্ত।

## সমতা স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে ([www.upension.gov.bd](http://www.upension.gov.bd)) প্রবেশ করুন

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন

এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা

ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর

নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন

সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন। সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন

পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন

পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং মোবাইলে প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)

পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন

পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমাণ পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে

আপনার সুবিধার্থে সর্বজনীন পেনশনের পরিচয়পত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন



**জাতীয় পেনশন কর্তৃপক্ষ**  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
৪৩, কাকরাইল, ঢাকা - ১০০০



[www.upension.gov.bd](http://www.upension.gov.bd)